

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
অধিশাখা-৬  
প্রজ্ঞাপন

তারিখ : ২২ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০১.১৪-২২।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে প্রাণ গ্রুপ এ্যাগ্রিকালচারাল মার্কেটিং কোং লিঃ, ঘোড়াশাল, নরসিংদী; প্রাণ ডেইরী লিঃ পলাশ, নরসিংদী; ময়মনসিংহ এ্যাগ্রো লিঃ, কালিগঞ্জ, গাজীপুর; প্রাণ এ্যাগ্রো লিঃ, নাটোর এবং হবিগঞ্জ এ্যাগ্রো লিঃ, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ, কারখানাগুলোকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬ ও ১১৪ ধারা এর বিধানাবলীর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে ২৯ মার্চ ২০১৮ হইতে ২৮ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (১) কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না।
  - (২) অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে।
  - (৩) প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
  - (৪) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
  - (৫) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।
- ২। ইহা ১৫ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ/২৯ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ.টি.এম সাইফুল ইসলাম  
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪৮৪১)

মূল্য : টাকা ৪.০০